বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৩১.৩৩১.২২-০২ তারিখ: ২৭/০৩/২০২২ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

বিষয়: **এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২২ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২২ এর Online এ TC,PC নম্বর প্রেরণ, ফরম পূরণ, প্রয়োজনীয় ফি ইত্যাদি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

১. **বিভিন্ন তারিখ সমূহ:**

| ক্রমিক নং | বিবরণ | সময় |
|---|---|---|
| ১. | Online এ TC,PC নম্বর Entry | ০৩/০৪/২০২২ খ্রি. হতে ০৭/০৪/২০২২ |
| ২. | Form Fill up করা যাবে। | ১৩/০৪/২০২২ খ্রি. হতে ২২/০৪/২০২২ |
| ৩. | বিলম্ব ফিসহ Form Fill up করা যাবে। | ২৩/০৪/২০২২ খ্রি. হতে ২৫/০৪/২০২২ |
| ৪. | সোনালী সেবার মাধ্যমে Form Fill up ফি জমা | ২৬/০৪/২০২২ খ্রি. হতে ২৮/০৪/২০২২ |

**বিঃ দ্রঃ**

- Online এ শিক্ষার্থীর TC,PC নম্বর Entry করা না থাকলে/ফেল নম্বর প্রদান করা থাকলে Probable list-এ নাম থাকবে না। আর Probable list-এ নাম না থাকলে Form Fill up করা যাবেনা।
- ২০১৮ সেশনের শিক্ষার্থীদের তথ্যও Online এ থাকবে এবং Form Fill up করা যাবে। তবে Admit Card গ্রহণের সময় নবায়নকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড প্রদর্শন করলে Admit Card পাওয়া যাবে (বাধ্যতামূলক)।

**২. ফরম পূরণের ফি সংক্রান্ত তথ্য:**

পরীক্ষা ও অন্যান্য ফিসের বিবরণ:

| ক্রমিক নং | বিবরণ | হার | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | পরীক্ষার ফি | ৪০০.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ২. | নম্বর পত্র ফি | ৬০.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ৩. | সনদপত্র ফি | ১০০.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ৪. | বাস্তব প্রশিক্ষণ ফি | ১২০.০০ | বোর্ডের প্রাপ্য ৭০/- প্রতিষ্ঠান ৫০/- |
| ৫. | সংযোগ রক্ষাকারী ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ৩০০.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ৬. | বিলম্ব ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ৩০০.০০ | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ৭. | কেন্দ্র ফি | ৪৫০.০০ | কেন্দ্রের প্রাপ্য ১০০% |
| ৮. | ব্যবহারিক কেন্দ্র ফি | ১০০.০০ | কেন্দ্রের প্রাপ্য ১০০% |
| ৯. | ব্যবহারিক ফি ৬ বিষয় (ঐচ্ছিক বিষয় সহ) | ১৫০.০০ | কেন্দ্রের প্রাপ্য ১০০% |

উল্লিখিত ফি এর মধ্যে নিয়মিত পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি, নম্বরপত্র ফি, বাস্তব প্রশিক্ষণ ফি ও সনদপত্র ফি বাবদ মোট (৪০০+৬০+৭০+১০০) = ৬৩০.০০ (ছয়শত ত্রিশ টাকা) এবং অনিয়মিত পরীক্ষার্থীদের নিকট থেকে পরীক্ষার ফি ও নম্বরপত্র ফি বাবদ (৪০০+৬০)= ৪৬০.০০ (চারশত ষাট) টাকা হারে বোর্ডে জমা দিতে হবে।

**বিঃ দ্রঃ**

- নিয়মিত পরীক্ষার্থী বলতে যাদের সেশন ২০২০ তাদের বুঝাবে এবং অনিয়মিত পরীক্ষার্থী বলতে সেশন ২০২০ এর পূর্বের সেশন বুঝাবে।
- ২০২১ সালের শিক্ষার্থী প্রতি ১০০.০০ হারে মোট টাকা, ২০২২ সালের ফরম পূরণের মোট টাকা হতে বিয়োগ করে অবশিষ্ট টাকা সোনালী সেবার মাধ্যমে প্রদান করতে হবে। ফরম পূরণের ফি এর বিবরণীতে (Summary List) সমন্বয় করা হবে।

৩. **পরীক্ষার সময় ও মানবন্টন :**

ক) ০২ ঘন্টার পরীক্ষা ১.৩০ ঘন্টা এবং ০৩ ঘন্টার পরীক্ষা ০২ ঘন্টা সময়ে অনুষ্ঠিত হবে। অর্থ্যাৎ প্রশ্নপত্রে উল্লেখিত সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

খ) প্রশ্নপত্রে উল্লেখিত পূর্ণমানের যে কোন বিভাগ মিলিয়ে ৫০% (অর্ধেক) নম্বরের উত্তর প্রদান করতে হবে। তবে সৃজনশীল প্রশ্নের ক্ষেত্রে যে সৃজনশীল প্রশ্নের উত্তর দিবে ঐ প্রশ্নের সবগুলো (ক, খ, গ, ঘ) অংশের উত্তর ধারাবাহিক ভাবে দিতে হবে।

৪. **অনুসরণীয় বিশেষ নির্দেশাবলী:**

ক) TC, PC, PF, IA নম্বরের হার্ড কপি বোর্ডে জমা দিতে হবে না কিন্তু প্রতিষ্ঠান সংরক্ষণ করবে। তবে Admit Card গ্রহণের সময় ফরম পূরণের হার্ড কপি এবং সোনালী সেবার ফি প্রদানের মূল কপি (বোর্ড কপি) বোর্ডে জমা দিতে হবে।

খ) 'মান উন্নয়ন' পরীক্ষার্থী হিসাবে শুধুমাত্র ২০২১ সনে উত্তীর্ণ শিক্ষার্থী মান উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। তবে, তাদের নিয়মিত পরীক্ষার্থীর মতই পরীক্ষার ফিস প্রদানসহ দশম শ্রেণির লিখিত ও ব্যবহারিক সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে স্বাভাবিক ফি-এর অতিরিক্ত ৫০০.০০ (পাঁচশত) টাকা মান উন্নয়ন ফি প্রদান করতে হবে। মান উন্নয়নের আবেদনের হার্ডকপি আলাদাভাবে ২৫/০৪/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ভোকেশনাল শাখায় জমা দিতে হবে।

গ) প্রতিবন্ধী পরীক্ষার্থীদের ক্ষেত্রে আবেদনের প্রেক্ষিতে Admit Card পাওয়ার পর পরীক্ষার মূল সময় থেকে প্রতি ঘন্টায় ১০ মিনিট হারে সময় বৃদ্ধি করে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে। শ্রুতি লেখকের প্রয়োজন হলে পরীক্ষা শুরু হওয়ার পূর্বে অনুমতি পত্র বোর্ডের ভোকেশনাল শাখা হতে গ্রহণ করতে হবে।

ঘ) নির্দিষ্ট সময়ের পরে Form Fill up এর আবেদন গ্রহণ করা হবেনা।

ঙ)

i. প্রতিদিনের পরীক্ষা শেষে মূল উত্তরপত্র এবং Top litho অংশ ছিড়ে করোগেটেড বক্সে প্যাকেট করে একটি কাপড়ের মোড়কে বোর্ডে পাঠাতে হবে। একই মোড়কের মধ্যে মূল উত্তরপত্র ১০০ টি করে করোগেটেড সীট দ্বারা বান্ডেল করা থাকবে। Top litho অংশ একটি কেন্দ্রে এক দিনে যত হবে সব একই সাথে বান্ডেল (শিরোনামপত্র সহ) হবে। মূল উত্তরপত্রের বান্ডেল এবং Top litho অংশের বান্ডেল একই সাথে সাদা কাপড়ের মোড়কে পেঁচিয়ে সিলগালা করে , মোড়কের উপরে কেন্দ্র কোড ও তারিখসহ প্রেরকের ঠিকানা স্পষ্ট ভাবে লিখে পরীক্ষা নিয়ন্ত্রক, দৃঃ আঃ উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা বরাবর পাঠাতে হবে।

ii. ট্রেড বিষয়ের ক্ষেত্রে প্রতি ট্রেডের উত্তরপত্র আলাদা আলাদা ভাবে করোগেটেড সীট দ্বারা বান্ডেল করে একই সাথে একটি মোড়কে Top litho বান্ডেলসহ পাঠাতে হবে।

iii. শুধুমাত্র দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের ক্ষেত্রে কোরআন মাজিদ ও তাজবীদ-২ (১৭২৭), ইসলামের ইতিহাস-২ (১৩২৫), বাংলাদেশ ও বিশ্বপরিচয়-২(১৩২৬) এই তিনটি বিষয়ের উত্তরপত্র ও Top litho হলুদ কাপড়ের মোড়কে পেঁচিয়ে পাঠাতে হবে।

চ) কেন্দ্রকে প্রতিদিনের অনুপস্থিত ও বহিষ্কার শিক্ষার্থীর তথ্য অন-লাইনে এন্ট্রি করতে হবে।

ছ) ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার ১০ দিনের মধ্যে রোলের ক্রমানুসারে সাজিয়ে হাজিরা সীট, শিরোনামপত্র ও অনুপস্থিত তালিকার হার্ড কপি বোর্ডের ভোকেশনাল শাখায় জমা দিতে হবে।

২৭/৩/২২

(প্রকৌ. মোঃ আবদুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা,বোর্ড,ঢাকা
ফোন: ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৩১.৩৩১.২২-০২(২৪)
তারিখ: ২৭/০৩/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, (কারিগরি)]।

২) মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।

৩) মহা-পরিচালক, মধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আবদুল গনি সড়ক, ঢাকা।

৪) মহা-পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।

৫) মহা-পরিচালক, বস্ত্র অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।

৬) পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।

৭) পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।

৮) বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৯) জেলা প্রশাসক (সকল জেলা)।

১০) আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।

১১) উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১২) উপ-পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
১৩) উপ-সচিব (প্রশাসন/রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
১৪) উপ-পরিদর্শক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
১৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বোর্ডের ওয়েবসাইটে দেওয়ার অনুরোধসহ)।
১৭) ম্যানেজার, সোনালী ব্যাংক (সকল শাখা)।
১৮) অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক, ..................................................।
১৯) সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২০) প্রেস ম্যানেজার, প্রেস শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
২১) তথ্য কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
২২) নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৩) চেয়ারম্যানের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
২৪) সংশ্লিষ্ট নথি।

27.3.22

(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)